**স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের স্বীকৃতিস্বরূপ**
**মার্চ ২০২২ সালে**
**জেলা উপজেলা পর্যায়ে আয়োজিত জনসচেতনতামূলক কার্যক্রমের**
**সার্বিক প্রতিবেদন**

## প্রেক্ষাপট

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতার জন্মশতবার্ষিকীতে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করেছে। গত ২৪ নভেম্বর ২০২১ তারিখে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের প্রস্তাব পাঁচ বছরের প্রাক-উত্তরণ প্রস্তুতিকালসহ চূড়ান্ত স্বীকৃতি লাভ করে। স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য চূড়ান্ত স্বীকৃতি লাভ স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অর্জন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সোনার বাংলা ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন ২০২১ এর সফল বাস্তবায়ন।

উত্তরণের এই প্রক্রিয়াটি সুদীর্ঘ ও ব্যাপক। একটি দেশের আর্থসামাজিক উন্নয়ন প্রক্রিয়ার বিভিন্ন দিক এর সাথে ওতপ্রোত ভাবে জড়িত। সঙ্গতভাবে, এই প্রক্রিয়াটিকে মসৃণ ও টেকসই করতে হলে সমাজের বিভিন্ন অংশের বিভিন্ন শ্রেণী পেশার মানুষের প্রত্যক্ষ অংশগ্রহণ একান্ত প্রয়োজন। বিশেষত জাতির দীর্ঘমেয়াদী উন্নয়নের স্বার্থে আমাদের যুব সমাজ তথা ভবিষ্যৎ প্রজন্মকে উত্তরণের এই প্রক্রিয়া ও তার অব্যবহিত রূপকল্পের সাথে একাত্ম করা একান্ত প্রয়োজন। একই সাথে, যুগান্তকারী এই অর্জন সম্পর্কে দেশের আপামর জনসাধারণকে অবহিত করতে হলে জাতীয় পর্যায়ের পাশাপাশি আঞ্চলিক পর্যায়েও জনসচেতনতা সৃষ্টি একান্তভাবে প্রয়োজন। তাছাড়া, উত্তরণ প্রক্রিয়ার মধ্যবর্তী ও অনুবর্তী পর্যায়ে বাংলাদেশ সরকারের যে ব্যাপক প্রস্তুতি প্রয়োজন হবে তাতে তৃণমূল পর্যায়ের মানুষের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করতে পারলে তা দেশের সামগ্রিক উন্নয়ন প্রক্রিয়াকে আরও অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক করতে সক্ষম হবে।



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে গত ০২ জানুয়ারি ২০২২ তারিখ রাজধানী ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত স্মারক অনুষ্ঠানে গণভবন প্রান্ত থেকে ভারচুয়ালি সংযুক্ত হয়ে বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এম পি

এরই প্রেক্ষাপটে স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের ঐতিহাসিক অর্জনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সাম্প্রতিক উন্নয়ন সম্পর্কে আপামর জনসাধারণকে অবহিত এবং উদ্বুদ্ধ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ অর্জন উপলক্ষে বিগত ০২/০১/২০২২ তারিখ রাজধানীতে কেন্দ্রীয়ভাবে একটি স্মারক অনুষ্ঠান উদযাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় জেলা ও উপজেলায় তৃণমূল পর্যায়ের জনগণকে এই জাতীয় অর্জনের সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে এবং এই বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপী একদিনের উদযাপন অনুষ্ঠান আয়োজনের জন্য স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ সংক্রান্ত জাতীয় কমিটি থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনার আলোকে অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে ইআরডি হতে ইস্যুকৃত গত ২০ মার্চ ২০২২ তারিখের ০৯.০০.০০০০.২২৮.২৮.০০২.২২ নং স্মারকে ৬৩টি জেলার প্রতিটিতে ১,০০,০০০ (এক লক্ষ মাত্র) টাকা এবং ৪২৫টি উপজেলার প্রতিটিতে ৭৫,০০০ (পঁচাত্তর হাজার মাত্র) টাকা বরাদ্দ প্রদান করা হয়। সেই সাথে উক্ত উদযাপন অনুষ্ঠান প্রণীত অনুষ্ঠানসূচী অনুযায়ী সুবিধাজনক সময়ে একদিন কোভিড-১৯ এর জন্য অনুসরণযোগ্য স্বাস্থ্যবিধি মেনে আয়োজনের জন্য অনুরোধ জানিয়ে গত ২৪ শে মার্চ ২০২২ তারিখ ইআরডি হতে পত্র প্রেরণ করা হয়। ঐ একই পত্রে উক্ত উদযাপন অনুষ্ঠান শেষে সংশ্লিষ্ট সকল জেলা উপজেলার কর্মকর্তাবৃন্দকে এই অনুষ্ঠানের একটি সামগ্রিক প্রতিবেদন, স্থিরচিত্র/ ছবি এবং ভিডিও চিত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

উল্লেখ্য যে সদর উপজেলাসমূহ সংশ্লিষ্ট জেলার উদযাপন অনুষ্ঠানের অন্তর্ভুক্ত থাকবে বিধায় তাঁদের জন্য আলাদা কোন বরাদ্দ প্রেরণ করা হয়নি। এছাড়া কক্সবাজার জেলা সদরে গত ৩১ শে মার্চ ২০২২ তারিখ ভিন্নভাবে একটি অনুষ্ঠান আয়োজন করা হয়েছে বিধায় কক্সবাজার জেলা ও এর সকল উপজেলা উল্লিখিত উদযাপনের বাইরে রাখা হয়।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) কর্তৃক বাস্তবায়নাধীন সাপোর্ট টু সাস্টেইনেবল গ্র্যাজুয়েশন প্রকল্প থেকে উল্লিখিত ব্যয় নির্বাহ করা হচ্ছে। এছাড়া, উক্ত অনুষ্ঠানে প্রচারিত বিভিন্ন জনসচেতনতামূলক অডিও ভিজুয়াল উপকরণ প্রস্তুত ও তা বিতরণের ক্ষেত্রে প্রকল্প হতে কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।

## দেশব্যাপী অনুষ্ঠানমালার সার্বিক রূপরেখাঃ

জেলা উপজেলা পর্যায়ে উক্ত অনুষ্ঠানসূচী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে এসএসজিপি প্রকল্পের সহায়তায় ইআরডি হতে যে খসড়া অনুষ্ঠানসূচীটি প্রণয়ন ও সংশ্লিষ্ট সকল জেলা ও উপজেলায় প্রেরণ করা হয় তা নিম্নরূপঃ

| **অনুষ্ঠানসূচী** | **মন্তব্য** |
|---|---|
| জাতীয় সঙ্গীত পরিবেশন | |
| মুক্ত আলোচনা | বিষয়বস্তুঃ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণ: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা |
| ‘হে বন্ধু বঙ্গবন্ধু’ শীর্ষক গানের চিত্রায়ন | এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত |
| স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ বিষয়ক স্বল্পদৈর্ঘ্য তথ্যচিত্র প্রদর্শন (চায়ের দোকান) | এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত |
| সাধারণ শ্রেণি ও পেশার মানুষের ধারণকৃত ভিডিও অভিব্যক্তি | এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত |
| উন্নয়ন বিষয়ক ডকুড্রামা | এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত |
| ‘একটি বাংলাদেশ তুমি জাগ্রত জনতার, সারা বিশ্বের বিস্ময়, তুমি আমার অহংকার’ গানটির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর জীবনালেখ্য চিত্রায়ন | এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে |

## দেশব্যাপী অনুষ্ঠানমালার উল্লেখযোগ্য দিকসমূহ

সারা দেশব্যাপী উক্ত আয়োজনের মূল প্রতিপাদ্য ছিল ‘স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী: স্বল্পোন্নত হতে উন্নয়নশীল দেশে উত্তরণঃ বঙ্গবন্ধু হতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা’। দুইদিনব্যাপী অনুষ্ঠানের প্রথমদিন সকালে একটি র‌্যালির মাধ্যমে অনুষ্ঠানমালার সূচনা হয়। এরপর পর্যায়ক্রমে আলোচনা সভা, সেমিনার, ভিডিওচিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের বিষয়ে এসএসজিপি, ইআরডি কর্তৃক নির্মিত বিভিন্ন অডিও ভিজুয়াল উপকরণসমূহ যেমন ‘হে বন্ধু বঙ্গবন্ধু’ শীর্ষক গানের চিত্রায়ন, স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ বিষয়ক টিভিসি, সাধারণ শ্রেণি ও পেশার মানুষের ধারণকৃত ভিডিও অভিব্যক্তি, উন্নয়ন বিষয়ক ডকুড্রামা এবং ‘একটি বাংলাদেশ তুমি জাগ্রত জনতার’ গানটির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিওচিত্র ভিত্তিক জীবনালেখ্য পরিবেশিত হয়।

জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর ও সংস্থার অংশগ্রহণে দেশের সার্বিক উন্নয়ন তথ্য বা চিত্রসমূহ প্রদর্শনের উদ্দেশ্যে উন্নয়ন মেলার আয়োজন করা হয়। উন্নয়ন মেলার স্টলসমূহে মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও তাঁর নেতৃত্ব, দেশের অর্থনৈতিক অগ্রগতি এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রুপকল্প ২০৪১, ডেল্টা পরিকল্পনা-২১০০ প্রভৃতি বিষয়ে জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে বিভিন্ন প্রচার প্রচারণামূলক উপকরণ প্রদর্শিত হয়।

স্থানীয় পর্যায়ের এইসব অনুষ্ঠানসমূহে মাননীয় মন্ত্রীবর্গ, স্থানীয় মাননীয় সংসদ-সদস্যবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ, সরকারি দপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তরুণ প্রজন্মকে উন্নত বাংলাদেশ বিনির্মাণে অধিকতর সম্পৃক্ত করার প্রয়াসে উক্ত অনুষ্ঠানসমূহে স্থানীয় সুশীল সমাজ, ছাত্র-ছাত্রী, সংবাদকর্মী, এনজিও, সাংস্কৃতিক সংগঠন, শিশু-কিশোর-তরুণদের সংগঠনসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের সদস্যবৃন্দ ও আপামর জনগণ অংশগ্রহণ করেন।

দেশব্যাপী আয়োজিত উক্ত উদযাপন অনুষ্ঠানের কিছু আলোকচিত্র নিয়ে উপস্থাপন করা হলঃ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩১শে মার্চ ২০২২ তারিখ কুমিল্লার চৌদ্দগ্রামে আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠানের অংশ বিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণ উদযাপন উপলক্ষে যশোর জেলা সদরে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে রাজশাহী জেলার মোহনপুর উপজেলায় আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪শে মার্চ ২০২২ তারিখ নাটোর জেলার নলডাঙ্গা উপজেলায় আয়োজিত র‌্যালি




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে জেলা উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসূচীর অংশ হিসেবে এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত অডিও ভিজুয়াল উপকরণসমূহ প্রদর্শিত হয়



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২২শে মার্চ ২০২২ তারিখ কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৯শে মার্চ ২০২২ তারিখ গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলায় আয়োজিত র‍্যালি



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২২ মার্চ ২০২২ তারিখ রাঙ্গামাটি জেলার রাজস্থলী উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠানে এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত অডিও ভিজুয়াল উপকরণসমূহ প্রদর্শিত হয়



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪শে মার্চ ২০২২ তারিখ গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলায় আয়োজিত উন্নয়ন মেলার স্টল ঘুরে দেখছেন দর্শনার্থীবৃন্দ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলায় আয়োজিত আলোচনা সভার অংশবিশেষ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৭ মার্চ ২০২২ তারিখ রাঙ্গামাটি জেলার জুরাছড়ি উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ রাঙ্গামাটি জেলার নানিয়ারচর উপজেলায় আয়োজিত অনুষ্ঠানের পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ টাঙ্গাইল জেলার ভুয়াপুর উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩০ মার্চ ২০২২ তারিখ ভোলার দৌলতখান উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ শে মার্চ ২০২২ তারিখ ঝালকাঠি জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ শে মার্চ ২০২২ তারিখ ময়মনসিংহ জেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ শে মার্চ ২০২২ তারিখ নেত্রকোণা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানমালার পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ শে মার্চ ২০২২ তারিখ নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত অডিও ভিজুয়াল উপকরণসমূহ প্রদর্শিত হয়




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ ফেনী জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আলোচনা অনুষ্ঠান



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩১ মার্চ ২০২২ তারিখ খাগড়াছড়ি জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৮ মার্চ ২০২২ তারিখ খাগড়াছড়ি জেলার লক্ষীছড়ি উপজেলায় আয়োজিত অনুষ্ঠানের পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩০ মার্চ ২০২২ তারিখ খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলায় আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩০ মার্চ ২০২২ তারিখ নোয়াখালী জেলার চাটখিল উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২২ মার্চ ২০২২ তারিখ নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ রাঙ্গামাটি জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানমালার পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৮ মার্চ ২০২২ তারিখ রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায় আয়োজিত উন্নয়ন মেলার স্টল ঘুরে দেখছেন দর্শনার্থীবৃন্দ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ কিশোরগঞ্জ জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজিত র‍্যালি



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার পুরস্কার বিতরণ পর্ব



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার অংশ বিশেষ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে এসএসজিপি, ইআরডি হতে সরবরাহকৃত অডিও ভিজুয়াল উপকরণসমূহ প্রদর্শিত হয়



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলায় আয়োজিত উন্নয়ন মেলার স্টল ঘুরে দেখছেন দর্শনার্থীবৃন্দ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে রাজবাড়ী জেলার পাংশা উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালী




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে শরীয়তপুর জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজিত র‍্যালী



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৮ মার্চ ২০২২ তারিখ ঝিনাইদহ জেলা প্রশাসন আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলায় আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজিত র‍্যালী




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ মেহেরপুর জেলা প্রশাসন আয়োজিত আলোচনা অনুষ্ঠান



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ পাবনা জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানমালার পুরস্কার বিতরণ পর্ব




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩০ মার্চ ২০২২ তারিখ রাজশাহী জেলা প্রশাসন আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৭ মার্চ ২০২২ তারিখ দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান




বেলুন উড়িয়ে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলায় স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করা হয়



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন আয়োজিত উন্নয়ন মেলার স্টল ঘুরে দেখছেন দর্শনার্থীবৃন্দ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ৩১ মার্চ ২০২২ তারিখ ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় আয়োজিত র‍্যালি



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৩ মার্চ ২০২২ তারিখ ফেনী জেলার পরশুরাম উপজেলায় আয়োজিত উন্নয়ন মেলার একটি স্টল



বেলুন উড়িয়ে ব্রাহ্মণবাড়িয়া জেলায় স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ কুমিল্লা সদর উপজেলায় আয়োজিত হয় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে গত ২৬ মার্চ ২০২২ তারিখ দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে গত ২৭ মার্চ ২০২২ তারিখ দিনাজপুর জেলার কাহারোল উপজেলায় আয়োজিত র‍্যালি



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে গত ২৭ মার্চ ২০২২ তারিখ দিনাজপুর জেলার ঘোড়াঘাত উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠানের অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে দিনাজপুর জেলা প্রশাসন আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠানমালার অংশবিশেষ



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে গত ২৪ মার্চ ২০২২ তারিখ দিনাপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশবিশেষ




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান



স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদযাপন উপলক্ষে দিনাজপুর জেলার বিরামপুর উপজেলায় আয়োজিত আলোচনা অনুষ্ঠান

দেশব্যাপী এই প্রচার প্রচারণা কার্যক্রমের মাধ্যমে স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের যুগান্তকারী এই অর্জন সম্পর্কে স্থানীয় পর্যায়ের জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা সম্ভব হয়েছে যা ভবিষ্যতে এগিয়ে যাওয়ার পথে তাদের অনুপ্রেরণা যোগাবে। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে সাম্প্রতিক বছরগুলোতে সম্পাদিত প্রভূত উন্নয়ন সম্পর্কে তাঁরা জনসচেতনতা সৃষ্টিতে এই কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। উত্তরণ উদযাপনের এই প্রক্রিয়ায় তৃণমূল পর্যায়ের মানুষের এই সক্রিয় অংশগ্রহণ দেশের সামগ্রিক উন্নয়ন প্রক্রিয়াকে আরও অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক করতে সক্ষম হবে আশা করা যায়।

**সংযুক্তিঃ**

১। যেসকল জেলা উপজেলা হতে উন্নয়নশীল দেশে উত্তরণ উদযাপন অনুষ্ঠান আয়োজনের গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন/ ছবি/ ভিডিও/ ব্যয় বিবরণী পাওয়া গিয়েছে তার তালিকা

২। যেসকল জেলা উপজেলা হতে উন্নয়নশীল দেশে উত্তরণ উদযাপন অনুষ্ঠান আয়োজনের গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন/ ছবি/ ভিডিও/ ব্যয় বিবরণী পাওয়া যায়নি তার তালিকা